কর্মপরিকল্পনা ২০১৯-২০ এর ৩.১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
প্রশাসন শাখা

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মুঃ আবদুল হাকিম<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ১৬-০৯-২০১৯ খ্রি: |
| সভার সময় | সকাল ১১-৩০ ঘটিকা |
| স্থান | বোর্ডের সভাকক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট ক |

সভার শুরুতে সভাপতি সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করার জন্য সচিবকে অনুরোধ করেন। সচিব সভাকে অবহিত করেন যে, ২০১৯-২০ অর্থ বছরে কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য মোট ১০০ নম্বর নির্ধারণ করা রয়েছে। সচিব বলেন, গত বারের তুলনায় ২০১৯-২০ অর্থ বছরের কর্মপরিকল্পনায় বেশ কিছু পরিবর্তন আনা হয়েছে, এ বারের কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণের সময় প্রতিটি কর্মপরিকল্পনা বাস্তবায়নের প্রমাণক প্রেরণ করতে হবে। এজন্য সকল বিভাগ/শাখাকে কর্মপরিকর্পনা বাস্তবায়নের সচেষ্ট থাকতে হবে। এরপর সচিব ২০১৯-২০ অর্থ বছরের কর্মপরিকল্পনায় উল্লিখিত প্রতিটি বিষয়/কার্যক্রমের কর্ম সম্পাদন সূচক, সূচকের মান, একক, বাস্তবায়নের দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি/পদ এবং বাস্তবায়নের লক্ষ্যমাত্রা সভায় উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত:**

ক) শুদ্ধাচার কর্মপরিকল্পনার বাস্তবায়নযোগ্য বিষয়গুলো সংশ্লিষ্ট বিভাগ/শাখাকে লক্ষ্যমাত্রা অনুযায়ী যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।

বাস্তবায়ন: সকল বিভাগ/শাখা।

খ) উত্তম চর্চার তালিকা বোর্ড প্রধান কার্যালয়ের প্রতিটি বিভাগ/শাখায় এবং ফিল্ড অফিস সমূহকে অবগত করাতে হবে এবং তা যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

বাস্তবায়ন: ফোকাল পয়েন্ট।

গ) মন্ত্রণালয়ে প্রেরণ যোগ্য বিভিন্ন প্রতিবেদন যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

বাস্তবায়ন: সকল বিভাগ/শাখা প্রধানগণ।

ঘ) পলুপালন ম্যানুয়াল শ্রীঘ্রই প্রস্তুত করতে হবে।

বাস্তবায়নে: সম্প্রসারণ ও প্রেষণা বিভাগ।

ঙ) দাপ্তরিক কাজে ই-নথি ও ই-জিপির কার্যক্রম বৃদ্ধি করতে হবে।

বাস্তবায়ন: সকল বিভাগ/শাখা।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

মুঃ আবদুল হাকিম
মহাপরিচালক

স্মারক নম্বর: ২৪.০৬.০০০০.০০৭.০৬.০০৩.১৮.১৫২

তারিখ: ২ আশ্বিন ১৪২৬
১৭ সেপ্টেম্বর ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সদস্য (অর্থ ও পরিকল্পনা)/(সম্প্রসারণ ও প্রেষণা)/(উৎপাদন ও বাজারজাতকরণ),, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।

২) পরিচালক,, বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইন্সটিটিউট, রাজশাহী।

৩) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা/প্রধান সম্প্রসারণ কর্মকর্তা/প্রধান উৎপাদন ও বাজারজাতকরণ কর্মকর্তা/প্রধান পরিকল্পনা কর্মকর্তা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।

৪) উপসচিব, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।

৫) উর্দ্ধতন উপ-প্রধান সমন্বয়/নির্বাহী প্রকৌশলী/উপ-প্রধান নিরীক্ষক/উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা/উপ-পরিচালক/উপ-প্রধান পরিকল্পনা কর্মকর্তা/উপ-প্রধান উৎপাদন কর্মকর্তা/উর্দ্ধতন পরিসংখ্যান কর্মকর্তা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।

৬) সহকারী সচিব (সংস্থাপন)/(কমন সার্ভিস)/জনসংযোগ কর্মকর্তা/বাজেট কর্মকর্তা/হিসাব রক্ষণ কর্মকর্তা/সম্প্রসারণ কর্মকর্তা/গবেষণা কর্মকর্তা (পরি:)/বিক্রয় কর্মকর্তা/উৎপাদন কর্মকর্তা/আমদানী ও রপ্তানী কর্মকর্তা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।

৭) হিসাব রক্ষক, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।

মোঃ জায়েদুল ইসলাম
সচিব